

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ২১

আরবি মূল আয়াত:

قَالَ خُذْهَا وَلَا تَخَفْ ۚ سَنُعِيدُهَا سِيرَتَهَا الْأُولَى ﴿٢١﴾

অনুবাদসমূহ:

তিনি বললেন, ‘ওটা ধর এবং ভয় করো না, আমি ওকে ওর পূর্বের অবস্থায় ফিরিয়ে দেব’। — আল-বায়ান

আল্লাহ বললেন, ‘ওটাকে ধর, ভয় পেও না, আমি সেটাকে এক্ষুনি তার আগের রূপে ফিরিয়ে দেব’। — তাইসিরুল

তিনি বললেনঃ তুমি একে ধর। ভয় করনা, আমি একে এর পূর্বরূপে ফিরিয়ে দিব। — মুজিবুর রহমান

[Allah] said, "Seize it and fear not; We will return it to its former condition. — Sahih International

২১. আল্লাহ বললেন, আপনি তাকে ধরুন, ভয় করবেন না, আমরা এটাকে তার আগের রূপে ফিরিয়ে দেব।

-

তাফসীরে জাকারিয়া

(২১) তিনি বললেন, ‘তুমি একে ধর এবং ভয় করো না, আমি একে এর পূর্ব রূপে ফিরিয়ে দেব’। [1]

[1] এটি মূসা (আঃ)-কে মুজিয়া রূপে দান করা হয়েছিল, যা ‘মূসার লাঠি’ নামেই প্রসিদ্ধ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2369>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন